রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ডিসেম্বর ৩১, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**

**জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৯ পৌষ ১৪২১ বঙ্গাব্দ/২৩ ডিসেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৯৩-আইন/২০১৪।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(১) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(২) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(৩) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(৪) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(৫) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(৬) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি; এবং



**মূল্য ঃ** টাকা ১২.০০

(৭) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত ইনস্টিটিউট" অর্থ আপাতত বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়:

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়সসীমা শিথিলযোগ্য হইবে।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি'সহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারি চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণী (যদি পদ থাকে) এবং, ক্ষেত্রমত, দ্বিতীয় বা তৃতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিসি**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরির অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে, উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে তাঁহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত**।—(১) Officers and Employees (Bureau of Mineral Development) Recruitment Rules, 1984 এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত Rules এর অধীন যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই Rules জারীর তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল**

**[বিধি ২(২) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | মহাপরিচালক | অনূর্ধ্ব ৪৪ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি বা প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে** ঃ পরিচালক বা পরিচালক (খনি ও খনিজ) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ প্রথম শ্রেণির পদে অন্যূন ১৭ (সতের) বৎসরের চাকরি;<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে** ঃ ভূতত্ত্ব বা ভূ-পদার্থ বা খনি প্রকৌশল ক্ষেত্রে কোন সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির পদে অন্যূন ১৭ (সতের) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূতত্ত্ব বা ভূ-পদার্থ বা খনি প্রকৌশল বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রী;<br><br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে** ঃ সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন সরকারের সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| (২) | পরিচালক | অনূর্ধ্ব ৪০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতির যোগ্য প্রার্থী | **পদোন্নতির ক্ষেত্রে** ঃ উপ-পরিচালক (প্রশাসন বা অর্থ ও পরিকল্পনা) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ প্রথম শ্রেণির পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরি; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | পাওয়া না গেলে সরাসরি বা প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূতত্ত্ব বা ভূ-পদার্থ বা রসায়ন বা পরিসংখ্যান বা ব্যবসায় প্রশাসন বা হিসাববিজ্ঞান বা অর্থনীতি বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রী;<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ** সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন সরকারের সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| (৩) | পরিচালক (খনি ও খনিজ) | অনূর্ধ্ব ৪০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি বা প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** উপ-পরিচালক (খনি ও খনিজ) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ প্রথম শ্রেণির পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরি;<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** ভূতত্ত্ব বা ভূ-পদার্থ বা ভূ- রসায়ন বা খনি প্রকৌশল সংশ্লিষ্ট ক্ষেত্রে সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির চাকরিতে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূতত্ত্ব বা ভূ-পদার্থ বা রসায়ন বা ফলিত রসায়ন বা খনি প্রকৌশল বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রী;<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রেঃ** সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন সরকারের সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪) | উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা) | অনূর্ধ্ব ৩৫ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি বা প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** সহকারী পরিচালক বা সহকারী পরিচালক (ভূতত্ত্ব) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি;<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** ভূতত্ত্ব বা ভূ-পদার্থ বা ব্যবস্থাপনা বা প্রকল্প পরিকল্পনা ও প্রণয়ন সংশ্লিষ্ট ক্ষেত্রে সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্বদ্যিালয় হইতে ভূতত্ত্ব বা পরিসংখ্যান বা ব্যবসায় প্রশাসন বা হিসাববিজ্ঞান বা অর্থনীতি বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রী;<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রেঃ** সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন সরকারের সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| (৫) | উপ-পরিচালক (খনি ও খনিজ) | অনূর্ধ্ব ৩৫ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি বা প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** সহকারী পরিচালক (ভূ-পদার্থ) বা সহকারী পরচালক (ভূ-রসায়ন) বা সহকারী পরিচালক (খনি প্রকৌশল) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি;<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** ভূ-পদার্থ বা ভূ-রসায়ন বা খনি প্রকৌশল বা সংশ্লিষ্ট ক্ষেত্রে কোন সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির চাকুরীতে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্বদ্যিালয় হইতে ভূতত্ত্ব বা ভূ-পদার্থ বা রসায়ন বা ফলিত রসায়ন বা খনি প্রকৌশল বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রী; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **প্রেষণে নিয়োগের ক্ষেত্রেঃ** সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন সরকারের সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| (৬) | সহকারী পরিচালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি বা প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** তত্ত্বাবধায়ক পদে অন্যূন ১৫ (পনের) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী ;<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রী; |
| (৭) | সহকারী পরিচালক (ভূতত্ত্ব) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূতত্ত্ব বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণী বা সমমানের জিপিএ'তে স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রী; |
| (৮) | সহকারী পরিচালক (ভূ-পদার্থ) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূ-পদার্থ বা ভূ-তত্ত্ব বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রী; |
| (৯) | সহকারী পরিচালক (ভূ-রসায়ন) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূ-রসায়ন বা ফলিত রসায়ন বা রসায়ন বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে স্নাতকোত্তর ডিগ্রী; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১০) | সহকারী পরিচালক (খনি প্রকৌশল) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে খনি প্রকৌশল বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ'তে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রী; |
| (১১) | তত্ত্বাবধায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** উচ্চমান সহকারী বা হিসাবরক্ষক পদে ৮ (আট) বৎসরের চাকরিসহ সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি;<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ প্রশাসনিক কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা এবং কম্পিউটার চালানোর কাজে অভিজ্ঞতা। |
| (১২) | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | The stenographer & steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। তবে মুদ্রাকর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির সর্বনিম্ন গতি হইবে নিম্নরূপ, যথা :—<br>বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ (পঁচিশ) শব্দ;<br>ইংরেজিঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ (ত্রিশ) শব্দ। | | |
| (১৩) | হিসাবরক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ হিসাব সংক্রান্ত কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| (১৪) | উচ্চমান সহকারী | Ministries and Divisions (Upper Division Assistnat and Section Assistant) Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১৫) | ড্রাফ্‌টসম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ড্রাফ্‌টসম্যানশীপে ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা। |
| (১৬) | সার্ভেয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সার্ভেয়িং এ ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা। |
| (১৭) | ল্যাব এসিস্ট্যান্ট/ টেকনিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (১৮) | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেচপাচ রাইডার, এম.এল.এস.এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী; তবে মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির গতি হইবে নিম্নরূপ, যথা :—<br>বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ (বিশ) শব্দ;<br>ইংরেজিঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ (বিশ) শব্দ। | | |
| (১৯) | কম্পিউটার অপারেটর/ পি.এ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বাংলা ও ইংরেজি ওয়ার্ড প্রসেসিং-এ, যথাক্রমে, সর্বনিম্ন ৩০ এবং ৪০ শব্দের গতি;<br>(খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word processing/Data Entry ও Typing এ অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২০) | ড্রাইভার | অনূর্ধ্ব ২৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | হালকা এবং ভারী মোটরযান চালনায় বৈধ লাইসেন্সসহ অষ্টম শ্রেণী বা জেএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| (২১) | অফিস সহায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (২২) | জারীকারক | অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী। | | |
| (২৩) | অফিস সহায়ক/ফিল্ড ম্যান | অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী। | | |
| (২৪) | নিরাপত্তা কর্মী | অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী। | | |
| (২৫) | পরিচ্ছন্নতা কর্মী | অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী। | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সিদ্দিকা আক্তার**
উপসচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd